



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/

তারিখ :

বিষয় : অস্থায়ী একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ১৫-১১-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.৩৩.০০১.১৭-২৭ নং স্মারক পত্র।

খ) অধ্যক্ষ মহোদয়ের ২২-১১-২০১৭ খ্রি. তারিখে অনলাইনে প্রেরিত (আইডি নং-১২০২১) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত হয়ে আগামী কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে নিম্নে প্রদত্ত শর্তাবলী পূরণের শর্তে আপনার প্রতিষ্ঠানে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে অর্থাৎ ০১-০৭-২০১৭ খ্রি. হতে ৩০-০৬-২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হল। স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর স্বীকৃতি নবায়ন এবং আরোপিত শর্ত পূরণ করা না হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কলেজ পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদী পরিচালনা থেকে বিরত থাকবে।

১) আবশ্যিক বিষয় সমূহ : বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল বিভাগের জন্য)

২) নৈর্বাচনিক বিষয় সমূহ :

মানবিক বিভাগ: পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, সমাজ বিজ্ঞান এবং যুক্তিবিদ্যা।

বাণিজ্য বিভাগ : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ভূগোল।

বিজ্ঞান বিভাগ: পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান এবং উচ্চতর গণিত।

শর্তাবলী :-

- ১। শিক্ষা প্রতিষ্ঠানে (এমপিও না দেয়ার শর্তে) নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে- পরিশোধ করতে হবে।
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৩। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৪। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসাবে বিবেচিত হবেনা।
- ৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৭। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদিও সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৮। সরকার উপযুক্ত মনে করলে যে কোন সময় এ বিষয় খোলার আদেশ বাতিল বা স্থগিত করতে পারে।

(স্বা-)

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

হাজরাহাটী সম্মিলনী কলেজ

ডাক: হাজরাহাটী, শালিখা, মাগুরা।

স্মারক নং- ক/অ/১১৫৩(১১)/১-১১

তারিখ : ০৬/১২/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বেসরকারি কলেজ-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, ব্যানবেইস, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত) ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মাগুরা।
- ৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা।
- ৯। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সভাপতি, গভার্ণিং বডি, হাজরাহাটী সম্মিলনী কলেজ, ডাক: হাজরাহাটী, শালিখা, মাগুরা।
- ১১। অফিস নথি।

০৬/১২/১৭  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

০৬/১২/২০১৭